ভোরের কাগজ

তারিখ ... JAN 18 1999 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# কলকাতা বইমেলা : প্রতিনিধিদলে ১০ প্রকাশককে অন্তর্ভুক্তির দাবি

**কাগজ প্রতিবেদক :** বাংলাদেশ সৃজনশীল প্রকাশক পরিষদের নেতারা আসন্ন কলকাতা বইমেলা উপলক্ষে ৮১ সদস্যের সরকারি প্রতিনিধি দলে মাত্র চার জন প্রকাশককে অন্তর্ভুক্ত করায় ক্ষোভ প্রকাশ করেছেন। তারা এই প্রতিনিধিদলে কমপক্ষে ১০ জন প্রকাশককে অন্তর্ভুক্ত করার দাবি জানান।

নেতৃবৃন্দ গতকাল রোববার কলকাতা বইমেলা উপলক্ষে স্থানীয় একটি হোটেলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এই দাবি জানান।

সাংবাদিক সম্মেলনে সৃজনশীল প্রকাশক পরিষদের সভাপতি মফিদুল হক, নির্বাহী পরিচালক মজিবর রহমান খোকা, সহসভাপতি হামিদুল ইসলাম, মেসবাহউদ্দিন আহমেদ, সাঈদ বারী প্রমুখ বক্তৃতা করেন।

মফিদুল হক বলেন, এই বইমেলার মাধ্যমে পশ্চিমবঙ্গে বাংলাদেশের বইয়ের একটি স্থানীয় বাজার সৃষ্টি হতে যাচ্ছে। নিয়মিত ফলোআপ ও মনিটরিং-এর মাধ্যমে এই বাজারকে ধরে রাখতে হবে।

মজিবর রহমান খোকা বলেন, বাংলাদেশের প্রকাশকরা ইতিপূর্বে আর কখনো এতো ব্যাপকভাবে কোনো বিদেশী বইমেলায় অংশ নেয়নি। এই মেলা দেশের প্রকাশনা শিল্পকে অনেক দূর এগিয়ে নিয়ে যাবে।

আগামী ২৭ জানুয়ারি থেকে ৭ ফেব্রুয়ারি পর্যন্ত অনুষ্ঠেয় এই বইমেলার মূল থিম হচ্ছে বাংলাদেশ।

মেলায় সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রকাশনা সংস্থার পাশাপাশি ১৯টি বেসরকারি প্রকাশনা সংস্থা স্টল নেবে। এ ছাড়াও বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির স্টলে—আরো ১৮টি প্রকাশনা সংস্থার (যারা বইমেলায় স্টল নিতে পারেনি) বই প্রদর্শিত হবে।

বেসরকারি প্রকাশকরা মোট ৫ হাজার টাইটেলের এক লক্ষাধিক বই নিয়ে যাবেন।

এর মধ্যে গল্প, কবিতা, প্রবন্ধ, রম্য রচনা, ধর্মীয় গ্রন্থসহ সব ধরনের বইই রয়েছে।

মেলা উপলক্ষে বাংলাদেশের প্রকাশকরা কলকাতার প্রকাশকদের সঙ্গে মতবিনিময় ও গোলটেবিল বৈঠক করবে।